# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৩৫. পড়া নিয়ে একটি কথা

পাঠ মনকে উন্মুক্ত করে, নৈতিক চরিত্র সংশোধন করতে পরিচালিত করে এবং চিন্তাশক্তিকে ধারালো (প্রখর) করে। পঠন নিঃসঙ্গ ব্যক্তির জন্য সান্ত্বনা, চিন্তাশীল ব্যক্তির জন্য উদ্দীপনাদায়ক এবং পর্যটকের জন্য বাতি।

অপঠন (না পড়া) ব্যক্তিকে তার কথা চিন্তা ও ব্যক্তিত্বের মধ্যে সীমিত করে দেয়। অধিকাংশ বইয়েরই কিছু না কিছু উপকারিতা আছে, তা জ্ঞানীদের প্রবাদ-প্রচলন, মজাদার গল্প, অদ্ভুত বা বিস্ময়কর অভিজ্ঞতা অথবা নতুন জ্ঞান যাই হোক না কেন। এটাও বলা যেতে পারে যে পড়ার উপকারিতা গণনার অতীত। আর আমরা আল্লাহর নিকট সর্বাপেক্ষা বড় মুসিবত দুর্বল সংকল্প ও ইচ্ছাশক্তি থেকে পানাহ (মুক্তি বা আশ্রয়) চাই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7743

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন